পারমাণবিক ইস্যুতে ইউরোপের তিন দেশের প্রস্তাব প্রত্যাখ্যান ইরানের



ছবি: সংগৃহীত

পারমাণবিক কর্মসূচি নিয়ে আলোচনায় বসতে যুক্তরাজ্য, ফ্রান্স ও জার্মানির দেওয়া প্রস্তাব নাকচ করেছে ইরান। দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘাইয়ের অভিযোগ, গত দুই বছরে ইউরোপের দেশগুলো গঠনমূলক কোনো ভূমিকা রাখেনি; বরং তারা সমস্যার অংশ হয়ে উঠেছে।

গত ২৩ অক্টোবর ইস্তাম্বুলে ইউরোপীয় ও আঞ্চলিক দেশগুলোর পররাষ্ট্রমন্ত্রীদের সঙ্গে বৈঠকের পর জার্মানির পররাষ্ট্রমন্ত্রী ইয়োহান ওয়াদেফুল জানান, ইরানের পারমাণবিক কর্মসূচি নিয়ে আলোচনায় বসতে বার্লিন, প্যারিস ও লন্ডন প্রস্তুত।

এর জবাবে বাঘাই বলেন, যুক্তরাষ্ট্র ও ইসরায়েল ইরানের পারমাণবিক স্থাপনায় হামলা চালালেও ইউরোপীয় দেশগুলো এর নিন্দা জানায়নি। বরং তাদের বিবৃতি মার্কিন সামরিক আগ্রাসনকে সমর্থন করেছে বলে অভিযোগ করেন তিনি।

LENS ASIA